

311999 - স্বপ্নদোষ হওয়ার সময় সে জেগে উঠেছে, কয়েক ফেঁটা বীর্যপাত হয়েছে, এরপর সে হস্তমেথুন করেছে; এতে করে কি তার রোয়া নষ্ট হয়েছে?

### প্রশ্ন

আমি ফজরের পর ঘুমিয়েছি। এরপর আমি এমন অবস্থায় জেগে উঠেছি যে, আমার স্বপ্নদোষ হচ্ছে। কিন্তু আমার বীর্য কেবল কয়েক ফেঁটা বেরিয়েছে। আমার অগুকোষে ব্যথা হচ্ছিল। তাই আমি হাত দিয়ে মৈথুন করেছি। এতে কি আমার রোয়া নষ্ট হয়ে গেছে?

### প্রিয় উত্তর

রম্যানে কিংবা অন্য সময়ে হস্তমেথুন করা হারাম এবং এতে করে রোয়া নষ্ট হয়ে যায়।

‘কাশ্শাফুল কিনা’ গ্রন্থে (২/৩১৮) রোয়া বিনষ্টকারী বিষয়াবলীর মধ্যে বলেছেন: “কিংবা হস্তমেথুন করা। অর্থাৎ বীর্য বের করা (বীর্য বের হোক কিংবা ময়ী বের হোক)। কেননা চুম্বনের সাথে বীর্যপাত করার কারণে যদি রোয়া ভেঙে যায় তাহলে এর মাধ্যমে রোয়া নষ্ট হওয়া আরও অধিক যুক্তিযুক্ত।

আর যদি বীর্যপাত না হয়; তাহলে সে হারাম কাজে লিপ্ত হল; তবে তার রোয়া নষ্ট হয়নি। [সমাপ্ত]

অগ্রগণ্য অভিমত হচ্ছে: ময়ী (কামরস) বের হওয়ার মাধ্যমে রোয়া নষ্ট হবে না; যেমনটি ইতিপূর্বে 49752 নং প্রশ্নেতরে বর্ণনা করা হয়েছে।

পূর্বোক্ত আলোচনার প্রেক্ষিতে আপনি যে, হাত দিয়ে বীর্যপাত করেছেন সেটি একটি হারাম কাজ এবং এর দ্বারা আপনার রোয়া নষ্ট হয়ে গেছে। আপনাকে এই দিনটির রোয়া কায়া পালন করতে হবে; সাথে তাওবা করতে হবে।

আল্লাহতে সর্বজ্ঞ।